

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/১১৮৯

তারিখঃ ১৩/০৪/২০১৭

## প্রেস বিজ্ঞপ্তি

৬০২ তম কমিশন সভা অদ্য ১৩/০৪/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. অদ্যকার সভায় কমিশন BBS Cables Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ২ (দুই) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২০ (বিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে acquisition of plant & machineries, building & other civil works, partial loan pay off এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনর্মূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১৬.৮৭ এবং শেয়ার প্রতি আয় (EPS) টাঃ ২.৪৬। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Banco Finance and Investment Limited ও ICB Capital Management Limited।
২. Dutch Bangla Bank Limited (Issuer) এর ৫০০ কোটি টাকার Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র বাণিজ্যিক ব্যাংক, নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, কর্পোরেট হাউজ এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণ প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, Dutch Bangla Bank Limited এই বন্ড প্রাইভেট প্লেসমেন্টে ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Tire II Capital Base Strengthen এর শর্ত পূরণ করবে। উক্ত বন্ডের প্রতি ইউনিটের অডিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger হিসেবে Standard Chartered Bank এবং Trustee হিসেবে Green Delta Insurance Co. Ltd কাজ করছে।
৩. Amam Sea Food Industries Limited (Issuer) এর জুন ৩০, ২০১৫ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন করেছে। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Amam Sea Food Industries Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৪. Rose Heaven Ball Pen Industries Ltd. (Issuer) এর জুন ৩০, ২০১৫ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন করেছে। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন, মার্চ ৩১, ২০১৫ সময়ে সমাপ্ত ৩য় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Rose Heaven Ball Pen Industries Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৫. ChicTex Limited (Issuer) এর জুন ৩০, ২০১৫ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 12 এর লঙ্ঘন করেছে। অনুরূপভাবে সেপ্টেম্বর ৩০, ২০১৫ সময়ে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এবং কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2008-183/Admin/03-31, dated September 27, 2009 এর লঙ্ঘন করেছে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, ChicTex Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৬. কমিশন এখন থেকে Securities and Exchange Ordinance, 1969 এর Section 2CC এর অধীন পাবলিক ইস্যু এবং রাইটস্ ইস্যুর তহবিল ব্যবহার সংক্রান্ত বিদ্যমান শর্তাবলীর সাথে নিম্নলিখিত শর্ত আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

"Any deviation in this respect must have prior approval of at least 51% of the public shareholders, other than sponsors and directors, in a general meeting. Before the said general meeting, such deviation as recommended by the board of directors shall be published as price-sensitive information with detailed description and reasons for such deviation. If approved by the shareholders, the meeting resolution shall be submitted to the Commission along with reasonable explanations for approval. After such approval, such decision shall be published as price-sensitive information."

মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।